



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.২৭৫

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮

১৩ সেপ্টেম্বর ২০২১

বিষয়: পাটের বস্তা গ্রহনকালে আদ্রতা পরিমাপের সেবা সহজিকরণ উদ্যোগ সম্প্রসারণ।

সূত্র: অত্র দপ্তরের ২৫/০৫/২০২১ খ্রিঃ তারিখের ১৪০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “সরকারি খাদ্য গুদামে বিনির্দেশসম্মত পাটের বস্তা গ্রহণ ও বিতরণ” নামে একটি সহজিকরণ পাইলট উদ্যোগটি বাস্তবায়নের সুবিধার্থে কারিগরি যন্ত্রপাতি হিসেবে আর্দ্রতামাপক যন্ত্র ও সফটওয়্যার ক্রয়ের বিষয়টিকে ১ম ও ২য় পর্যায়ে বিভক্ত করে সংশোধিত কর্ম-পরিকল্পনা অনুযায়ী পাইলট প্রকল্প হিসেবে বাস্তবায়নের জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। পাইলট উদ্যোগটি বাস্তবায়নের সুবিধার্থে ১ম পর্যায়ে ২০২০-২০২১ অর্থ বছরে বগুড়া, নওগাঁ ও ব্রাহ্মণবাড়ীয়া জেলায় পাইলটিং এর জন্য ০৩টি আর্দ্রতামাপক যন্ত্র প্রতিটি ১,৮০,০০০ টাকা দরে ক্রয়ের জন্য অর্থ মঞ্জুরি দেয়া হয়।

উক্ত সহজিকরণ উদ্যোগের ১ম পর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন হওয়ায় মাঠ পর্যায়ের বিভিন্ন জেলার উল্লেখযোগ্য আরো কয়েকটি এলএসডিতে সম্প্রসারণের উদ্দেশ্যে পাটের বস্তা গ্রহনকালে আদ্রতা পরিমাপের জন্য বস্তার আর্দ্রতামাপক যন্ত্র সরবরাহ করা প্রয়োজন। সেই লক্ষ্যে এলএসডি সমূহ নির্বাচন করে আর্দ্রতামাপক যন্ত্র সরবরাহ সহ প্রয়োজনীয় কারিগরি প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তরের অনুমোদন রয়েছে।

১৩-৯-২০২১

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট

পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরি সেবা বিভাগ,
খাদ্য অধিদপ্তর

ফোন: +৮৮-০২-৪৭১১০৬৯৮

ইমেইল: sys@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.২৭৫/১(২০)

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮

১৩ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
- ৩) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), খাদ্য অধিদপ্তর

- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
- ৫) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, দিনাজপুর
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বগুড়া
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নওগাঁ
- ৯) অফিস কপি/মাস্টার কপি



১৩-৯-২০২১

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট